গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনগঞ্জ,নেত্রকোণা

স্মারক নং ঃ ০৫.৪৫.৭২৬৩.০০০.৩৩.০০১.২৩-৮২ তারিখ ঃ- ২৭ জানুয়ারি ২০২৬

**নৌকা/ফেরি ঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি নং-০১**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত নৌকা/ফেরিঘাটসমূহ ১৪৩৩ বাংলা সালের (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদের জন্য) ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সংযুক্ত শর্তাবলি সাপেক্ষে সিলমোহরযুক্ত খামে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ইজারা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম বার | ২৩.০২.২০২৬ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৪.০২.২০২৬ তারিখ বেলা ০১.০০ টা পর্যন্ত |
| ২য় বার | ০৯.০৩.২০২৬ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১০.০৩.২০২৬ তারিখ বেলা ০১.০০ টা পর্যন্ত |
| ৩য় বার | ৩০.০৩.২০২৬ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ৩১.০৩.২০২৬ তারিখ বেলা ০১.০০ টা পর্যন্ত |

উপরে বর্ণিত তারিখ ও সময় পর্যন্ত অত্র কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা, সহকারী কমিশনার (ভূমি), মোহনগঞ্জ, নেত্রকোণার কার্যালয়ে ও মোহনগঞ্জ পৌরসভা কার্যালয় হতে ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ক্রয় করা যাবে এবং দরপত্রসমূহ উপরে বর্ণিত তারিখ ও সময়ে অত্র কার্যালয়ে, জেলা প্রশাসকের কার্যালয়ের রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। দাখিলকৃত দরপত্রসমূহ সংগ্রহপূর্বক দরপত্র দাখিলের দিন বিকাল ৪.৩০ টায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে দরপত্রদাতা/প্রতিনিধিগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। । ১ম বারের দাখিলকৃত দরপত্র গৃহীত হলে পরবর্তী বারের দরপত্র বিক্রয় ও দাখিল প্রযোজ্য হবে না। অনুরুপভাবে পরবর্তী বারের ক্ষেত্রেও প্রযোজ্য।

এছাড়াও দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জানা যাবে।

| ক্রঃ নং | উপজেলার নাম | নৌকা/ফেরিঘাটের নাম | সরকারি দর |
|---|---|---|---|
| ০১ | মোহনগঞ্জ | গাগলাজুর নৌকাঘাট | ৪,৮৯,৫০০/- |
| ০২ | | মাঘান নৌকাঘাট | ৬৬,৭৩৪/- |
| ০৩ | | আদর্শনগর (ছেচড়াখালী) নৌকাঘাট | ১,৮৮,১০০/- |
| ০৪ | | ঘোড়াউত্রা নৌকাঘাট | ৬,৮৯৭/- |

**১৪৩৩ বাংলা সালে নৌকা/ফেরী ঘাট ইজারার শর্তাবলিঃ**

০১. ইজারার মেয়াদ ১৪৩৩ বাংলা সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত।
০২. দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পেঅর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণার অনুকূলে অবশ্যই দাখিল করতে হবে।
০৩. দরপত্রে বর্ণিত নৌকা/ফেরিঘাটের ইজারামূল্য স্পষ্টাক্ষরে অংকে এবং কথায় লিখতে হবে। কোন প্রকার কাটাছেঁড়া বা ঘষামাজা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
০৪. দরপত্র খামের উপর নৌকা/ফেরিঘাটের নাম লিখতে হবে।
০৫. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৬. সর্বোচ্চ দরদাতার অনুকূলে নৌকা/ফেরিঘাট ইজারা প্রদান করা হবে। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারির মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে।
০৭. দরপত্র গৃহিত হওয়ার পর অনুমোদিত দরের জামানত বাবদ প্রদত্ত ২৫% অর্থ বাদে অবশিষ্ট ৭৫% অর্থ যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ,নেত্রকোণার অনুকূলে, ১০% আয়কর এবং ১৫% ভ্যাট বাবদ অর্থ ট্রেজারী চালানমূলে সরকারি কোষাগারে পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
০৮. কোন কারনে দরপত্র বিক্রয়, দাখিল বা খোলার তারিখে সরকারি ছুটি থাকলে বা ঘোষিত হলে তা পরবর্তী কার্যদিবসে সম্পন্ন করা হবে।
০৯. নৌকা/ফেরিঘাট কি অবস্থায় আছে তা নিজ দায়িত্বে সরেজমিনে পরিদর্শন পূর্বক বিস্তারিত অবগত হয়ে দরপত্র দাখিল করতে হবে। এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১০. নৌকা/ফেরিঘাট ইজারা পত্তনের বিষয়ে কোন প্রকার অভিযোগ থাকলে ইজারা অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট ইজারা অনুমোদনের পর হতে ০৩(তিন) কার্যদিবসের মধ্যে দাখিল করতে হবে। অন্যথায় কোন অভিযোগ বিবেচনা করা হবে না।
১১. ইজারাদার কর্তৃক ইজারার অবশিষ্ট অর্থ পরিশোধের সময় নিজ খরচে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণার সাথে চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় ঘাটের দখল হস্তান্তর করা হবে না।

১২. ইজারাদার কর্তৃক যাত্রীদের উঠানামার জন্য নিজ খরচে পাটাতন নির্মাণ ও রক্ষনাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৩. দরপত্র অত্র কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণায় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। ডাকযোগে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৪. বৎসরের যে কোন সময়ে ইজারা দেয়া হলেও ইজারার মেয়াদ ১৪৩৩ বাংলা সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে।
১৫. ইজারাদার কর্তৃক নিজ খরচে নৌকা/ফেরিঘাটে প্রকাশ্য স্থানে টোল রেইটের তালিকা টাঙিয়ে রাখতে হবে। কোন অবস্থাতেই টোল রেইটের অতিরিক্ত টোল আদায় করা যাবে না।
১৬. জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোণা হতে বিজ্ঞপ্তিতে প্রকাশিত নির্ধারিত তারিখে ও সময়ে দরপত্র ক্রয় করা যাবে।
১৭. ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত ঘাট অন্যের নিকট সাবলিজ প্রদান করতে পারবেনা না।
১৮. ইজারাদার সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল আদেশ নির্দেশ মেনে চলতে বাধ্য থাকবেন।
১৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/আংশিক দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
২০. উক্ত শর্তাবলির যে কোন শর্তের খেলাপ করা হলে ইজারা বাতিলসহ কর্তৃপক্ষ যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

২৭/০১/২০২৬
(আমেনা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা

স্মারক নং ঃ ০৫.৪৫.৭২৬৩.০০০.৩৩.০০১.২৩-৮২ তারিখ ঃ- ২৭ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, নেত্রকোণা
০২। পুলিশ সুপার, নেত্রকোণা
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা
০৪। প্রশাসক, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা
০৫। সহকারী কমিশনার (ভূমি), মোহনগঞ্জ, নেত্রকোণা
০৬। অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা, মোহনগঞ্জ, নেত্রকোণা
০৭। উপজেলা..........................................অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা
০৮। চেয়ারম্যান,......................................ইউপি(সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা
০৯। সম্পাদক,.................................................................। বিজ্ঞপ্তি যথাসম্ভব ছোট পরিসরে একদিন তাঁর পত্রিকার ভিতরের পাতায় প্রচারপূর্বক পত্রিকার ০২(দুই)কপি এ কার্যালয়ে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..........................................ইউঃ ভূমি অফিস (সকল) মোহনগঞ্জ, নেত্রকোণা
১১। নোটিশ বোর্ড/ অফিস কপি।

২৭/০১/২০২৬
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা।